ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৪৭২
জম্পুইজলা, ২৭ জুন, ২০২৫

**রাজ্যের প্রতিটি প্রান্তে উন্নয়নের জন্য রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে ঃ অর্থমন্ত্রী**

রাজ্যের প্রতিটি প্রান্তে উন্নয়নের জন্য রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। রাজ্যের জনজাতি অংশের লোকজন যাতে বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধা সহজেই পেতে পারেন সেজন্য সমগ্র রাজ্যে ধরতি আবা জনভাগীদারি অভিযান শুরু করা হয়েছে। জম্পুইজলা মহকুমার প্রতিটি পঞ্চায়েতেও এই অভিযানের অংশ হিসাবে শিবিরের আয়োজন করা হচ্ছে। গতকাল বিকেলে জম্পুইজলা মহকুমা শাসকের কার্যালয়ে সাব ট্রেজারি কার্যালয়ের উদ্বোধন করে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় একথা বলেন। তিনি বলেন, দেশের প্রধানমন্ত্রীর সরাসরি তত্ত্বাবধানে রাজ্যের প্রতিটি মানুষের কাছে সমস্ত সরকারি সুযোগ সুবিধা পৌঁছে দেওয়ার যে পরিকল্পনা নেওয়া হয়েছে তারই অঙ্গ হিসেবে এই সাব ট্রেজারি কার্যালয়ের উদ্বোধন করা হয়েছে। সাব ট্রেজারি চালু হওয়ায় জম্পুইজলা মহকুমায় বিভিন্ন সরকারি প্রকল্প রূপায়ণে অনেক সুবিধা হবে বলে তিনি আশা প্রকাশ করেছেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অর্থ দপ্তরের অতিরিক্ত সচিব আকিঞ্চন সরকার। তিনি জানান, রাজ্যে বর্তমানে ৯টি ট্রেজারি এবং ১৩টি সাব ট্রেজারি রয়েছে। জম্পুইজলা মহকুমায় সাব ট্রেজারির উদ্বোধনের ফলে সাব ট্রেজারির সংখ্যা বেড়ে হয়েছে ১৪। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জম্পুইজলা বিএসি’র চেয়ারম্যান বীরেন্দ্র কিশোর দেববর্মা। অনুষ্ঠানে বিশিষ্ট অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক মানব দেববর্মা, সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক রিঙ্কু লাথের প্রমুখ।

******